

ডেস্কটপলেট: সব সময় ডেস্কটপকে রাখুন হাতের মুঠোয়

জাভেদ জহির

কম্পিউটারে কোনো একটা ফাইল বা একাধিক ফাইলকে খুলে কাজ করছেন। হঠাৎ করে ডেস্কটপে যাওয়ার প্রয়োজন হল। এখন কি যত ফাইল খোলা আছে তার সবগুলোকে এক এক করে বন্ধ করে তারপর ডেস্কটপে যেতে হবে? মোটেও না! উইন্ডোজ অপারেটিং সিস্টেমে বিল্ট-ইন একটি মেথড আছে যেটির সুবাদে ঐ সব অ্যাপি-কেশনকে মিনিমাইজ করে এক মুহূর্তে ডেস্কটপে চলে যেতে পারবেন। স্ক্রিনের একেবারে নিচের দিকে যে বারটি আছে তার মধ্যে ডেস্কটপের প্রতীক সম্বলিত একটি আইকন আছে। যেটির ওপর মাউস কার্সর নিলেই 'শো ডেস্কটপ' কথাটি আসবে। এটিতে ক্লিক করলে খোলা সব ফাইল বা সফটঅ্যার মিনিমাইজড হয়ে যাবে, এবং আপনি ডেস্কটপে গিয়ে নিজের কাজ করে আবার ঐ একই আইকনে ক্লিক করলে মিনিমাইজ হওয়া সব ফাইল আবার চলে আসবে। এটা মনে হয় নিয়মিত কম্পিউটার ব্যবহারকারী সবাই জানেন। কিন্তু প্রশ্ন হল, আমি যদি খোলা সব ফাইল বা সফটঅ্যার মিনিমাইজ করতে না চাই তাহলে কি হবে? আমি যদি চাই যেটি যেভাবে আছে সেভাবেই থাকবে, এবং সে অবস্থাতেই আমি ডেস্কটপের আইকন ব্যবহার করব বা ডেস্কটপে কাজ করব? নিশ্চয়ই মনে মনে ভাবছেন, এটা আবার কী করে সম্ভব? উত্তর হল: খুবই সম্ভব। এবং এটিকে সম্ভব করে দেবে ডেস্কটপলেট।

'উইনঅ্যাবিলিটি সফটঅ্যার' নামে একটি সফটঅ্যার নির্মাতা প্রতিষ্ঠানের তৈরি

ডেস্কটপলেট নামের এই সফটঅ্যার আপনার কম্পিউটিং অভিজ্ঞতায় একটি নতুন মাত্রা যোগ করে দেবে। কারণ এই সফটঅ্যারের মাধ্যমে আপনি চলমান বিভিন্ন ফাইল বা সফটঅ্যার মিনিমাইজ না করে ডেস্কটপকে স্ক্রিনে নিয়ে এসে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে পারবেন। আপনি যখন ডেস্কটপলেট আপনার কম্পিউটারে ইনস্টল


আপনার হাতঘড়ির ঘণ্টার কাঁটাটির দৈর্ঘ্য যদি হয় দুই সেন্টিমিটার তাহলে এটির গতিবেগ ঘণ্টায় ০.০০০০০২৭ ৫ মাইল!

করবেন তখন টাস্কবারের নোটিফিকেশন এরিয়ায় (এটি সিস্টেম ট্রে নামেও পরিচিত) ডেস্কটপলেট-এর ছোট একটি আইকন দেখানো হবে। আপনার কোনো কাজে এটি কোনোভাবেই বিঘ্ন ঘটাবে না। স্রেফ চূপচাপ ওখানে বসে থাকবে কখন তাকে

আপনার প্রয়োজন পড়ে সে সময়ের অপেক্ষায়। এটির অবস্থানটি কেমন দেখাবে তা নিচের ছবিতেই দেখা যাচ্ছে:



যদি দেখেন কোনো কারণে সিস্টেম ট্রে-তে ডেস্কটপলেটকে দেখাচ্ছে না তাহলে Start – Programs মেন্যুতে গিয়ে ডেস্কটপলেট সিলেক্ট করলেই সেটি সিস্টেম ট্রেতে চলে আসবে। এরপর আপনি যে প্রোগ্রামই খুলুন আর যে কাজই করুন না কেন, যে কোনো সময় ডেস্কটপলেট-এর আইকনটির ওপর মাউস ক্লিক করলেই কম্পিউটার স্ক্রিনে আপনার ডেস্কটপের ছোট একটি ভার্সন এসে হাজির হবে। ছবিতে দেখতে পাচ্ছেন ডেস্কটপলেট আপনার ডেস্কটপের মিনিমাইজার একটি ভার্সন কম্পিউটার



স্ক্রিনে দেখাচ্ছে। এতে আপনার ডেস্কটপে যত আইকন যে জায়গায় আছে তার সবগুলোই ঠিক সেভাবে দেখানো হচ্ছে, কেবল ছোট একটি রূপে। মাউস পয়েন্টারকে কোনো একটি আইকনের ওপর নিলে সেটির নাম টুলটিপ হিসেবে দেখিয়ে দেয়া হচ্ছে।

এরপর এসব ডেস্কটপ আইকনকে নিয়ে আপনি যে কোনো কাজই করতে পারবেন। আপনি কোনো একটি আইকন ক্লিক করে ঐ অ্যাপি-কেশনটি ওপেন করতে পারবেন। যদি কোনো আইকনের ওপর রাইট ক্লিক করেন তাহলে সাধারণ অবস্থায় যে উইন্ডোজ শর্টকাট মেন্যু দেখানোর কথা সেটি দেখানো হবে, শর্টকাট মেন্যু থেকে এবার পছন্দমত কমান্ড বেছে নিয়ে সেটি পালন করার নির্দেশও দিতে পারবেন - ঠিক যেভাবে ডেস্কটপে গিয়ে নির্দেশ দেন সেভাবেই। যদি ডেস্কটপলেট-এর ছোট উইন্ডোটির বাইরে আর কোনো জায়গায় মাউস কার্সর রেখে ক্লিক করেন তাহলে ডেস্কটপ-এর ছোট উইন্ডোটি অদৃশ্য হয়ে যাবে, আপনি যে

অ্যাপি-কেশনে কাজ করছিলেন সেটিই পুরো পর্দা জুড়ে দৃশ্যমান হয়ে উঠবে। সব মিলিয়ে ডেস্কটপলেট আপনার সময় বাঁচিয়ে দেবে। ডেস্কটপলেট কর্তৃক বাঁচিয়ে দেয়া সেকেন্ড এবং মিনিটগুলোকে যদি যোগ করেন তাহলে মাস শেষে দেখবেন আপনার মূল্যবান কম্পিউটিং সময়ে সাশ্রয় হয়েছে বেশ কয়েকটি ঘণ্টা।

ডেস্কটপলেটকে কনফিগার করা

ডেস্কটপলেট কীভাবে কাজ করবে বা করবে না সেটি আপনি ঠিক করে দিতে পারেন সিস্টেম ট্রেতে ডেস্কটপলেট-এর আইকনের ওপর রাইট মাউস ক্লিক করে এবং অপশন মেন্যু থেকে কমান্ড বাছাই করে।

এখান থেকে আপনি কয়েকটি অপশন পেতে পারে, যেমন:

Show primary display only:

আপনার ডেস্কটপের যদি একের অধিক ডিসপে-

থাকে তাহলে এটি সিলেক্ট

করে আপনি

কেবলমাত্র প্রাইমারি ডিসপে-টি বেছে নিতে

পারেন।

Auto-hide: ডেস্কটপের ছোট উইন্ডো থেকে

কোনো একটি আইটেম সিলেক্ট করার পর আপনি

যদি চান ডেস্কটপলেট-এর উইন্ডোটি নিজে থেকে

অদৃশ্য হয়ে যাবে তাহলে এই অপশনটি সিলেক্ট

করুন। এটি সিলেক্ট না করলে ডেস্কটপলেট-এর

উইন্ডোকে আপনার নিজে থেকে, মানে ম্যানুয়ালি

বন্ধ করতে হবে।

Keep on top of other windows: যদি চান

ডেস্কটপলেট-এর উইন্ডোটি চলমান অন্য সব

অ্যাপি-কেশনের উইন্ডোর উপরে অবস্থান করবে

তাহলে এই অপশনটি সিলেক্ট করুন।

Show taskbar button: ডেস্কটপলেট উইন্ডো

যখন দেখাবে

তখন টাস্কবারে

এর জন্য

আলাদা একটি

বাটন যদি

ডিসপে- করতে

চান তাহলে এই

অপশনটি বেছে

নিন। এছাড়াও

ডেস্কটপলেট-এর Properties উইন্ডোতে একটি

More options মেন্যু আইটেম আছে। এটির

সাহায্যে ডেস্কটপলেট-এর বিভিন্ন বৈশিষ্ট্য, রঙ,

চেহারা ইত্যাদি পরিবর্তন করতে পারবেন।

